সংবাদ

তারিখ ... 6.3.85 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম 6 ...

009

# ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠিত

তথ্য মন্ত্রণালয়ের সচিবকে চেয়ারম্যান করে ১৯৮৫ সালের জন্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠন করা হয়েছে।

বোর্ডের অন্যান্য সদস্য হচ্ছেন: বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস-চেয়ারম্যান, প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ের এক জন প্রতিনিধি, চলচ্চিত্র ও প্রকাশনা বিভাগের পরিচালক, উপ-সচিব বা তদূর্ধ্ব মর্যাদাসম্পন্ন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, উপ-সচিব বা তদূর্ধ্ব পদমর্যাদাসম্পন্ন তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, শিশু একাডেমীর পরিচালক মিসেস সাদেকা সফিউল্লা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ মুস্তফা নুরউল ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের গণিত বিভাগের প্রফেসর সেলিনা বাহার জামান, পুরানা পল্টন গার্লস কলেজের সহকারী অধ্যাপিকা মিসেস আসমা আব্বাসী, এশিয়ান এক্সপ্রেস এণ্ড ম্যানেজমেন্ট কনসালটেন্টের সম্পাদক ডঃ মিজানুর রহমান শেলী, সাপ্তাহিক পূর্বাণীর সম্পাদক খন্দকার শাহাদাত হোসেন, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থার ব্যবস্থাপনা পরিচালক, বিশিষ্ট চলচ্চিত্র প্রযোজক ও পরিচালক সৈয়দ হাসান ইমাম ও জনাব আমজাদ হোসেন।

গত ১লা মার্চ থেকে পুনর্গঠিত বোর্ডের কার্যকাল শুরু হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।